

# পরিবেশবান্ধব স্কুল

আর্যভট্ট খান

নিউ টাউনে চালু হতে চলেছে পরিবেশবান্ধব স্কুল (গ্রিন স্কুল)। স্কুল কর্তৃপক্ষের দাবি, শুধু কলকাতা নয়, গোটা দেশের মধ্যেই এই স্কুল অভিনব। পরিবেশ সচেতনতার ছাপ থাকবে গোটা স্কুল জুড়ে। নিউ টাউন থানার পিছনে এই স্কুল শুরু হতে চলেছে ১৬ এপ্রিল থেকে। আজ হাঃ গেল আনুষ্ঠানিক উদ্বোধন।

‘দি নিউ টাউন স্কুল’ নামের এই স্কুলে প্রচুর গাছ লাগানো হয়েছে।

স্কুলের ম্যানেজিং ডিরেক্টর সুনীল অগ্রবাল বলেন, “যে ইট দিয়ে স্কুলের ভবন তৈরি হয়েছে সেটিও পরিবেশবান্ধব। বিদ্যুৎ সাশ্রয়ের জন্য এলইডি আলো ব্যবহার করা হয়েছে।” ভবনটিও আধুনিক এবং অভিনব বলে দাবি সুনীলবাবুর।

স্কুল কর্তৃপক্ষের দাবি, পরিবেশবান্ধব হওয়ার পাশাপাশি পড়াশোনা ও অন্যান্য কার্যকলাপেও

## নিউ টাউন

শহরের প্রথম সারির স্কুলের পর্যায়ে নিয়ে যাওয়া হবে একে। এই স্কুলে অন্যান্য স্কুলের মতো ল্যাবরেটোরির পাশাপাশি অভিনব থ্রি ডি ল্যাব ও রোবোটিক ল্যাব থাকছে। ব্যাডমিন্টন, স্কোয়াস, ফুটবল, ক্রিকেট ছাড়াও অন্যান্য খেলার ব্যবস্থাও থাকছে। কর্তৃপক্ষের দাবি, এই স্কুলেই দেশের মধ্যে প্রথম ‘আই ম্যাক’ ল্যাবরেটরি তৈরি হয়েছে। থাকছে অত্যাধুনিক প্রেক্ষাগৃহ। যেখানে পড়ুয়াদের নাটক বা চলচ্চিত্র দেখার সুযোগ থাকবে। সিবিএসসি বোর্ড অনুমোদিত এই স্কুল। আপাতত নার্সারি থেকে সপ্তম শ্রেণি পর্যন্ত ক্লাস শুরু হলেও আগামী দিনে দ্বাদশ শ্রেণি পর্যন্ত পড়ানো হবে।